অএ

বঙ্গীয় শব্দকোষ

অব্য [সং অয়ে; য়ে>এ (উচ্চারণে)]

১ সম্বোধন।

“অএ কর্ণধার ম.পা ১১০।

২ সগৌরব সম্বোধন।

“শুন গুরু মিননাথ, অএ বাপু কর অবধান মী ১৭। কহ কহ অএ সুত পূর্ব্ব বিবরণ গ২।

৩ নিন্দাসূচক সম্বোধন।

”শুন শুন অএ মুঢ় চিত্ত ম.পা ৩৬।

৪ সরোষ সম্বোধন।

“বোল দেখি অএ মূঢ় মমাধিক হএ কোন জন ম.পা ১৫। অএ অএ নিন্দিত ব্রাহ্মণ দুরাচার চৈ ১৮।

৫ সবিষাদ বা কাতর সম্বোধন।

“অএ প্রভু ত্রিবিক্রম...অপরাধ ক্ষেমঃ অএ ঠাকুর লাগহু চরণ গ ৬৬। অএ রাজা কেহ্নে ক্রোধ কর কিঙ্করেরে ম.পা ১০৫।

৬ সস্নেহ সম্বোধন।

“দেবী বলেন শুন পুত্র অত্র বীরবর ম পা ৬৫। শুন শুন অত্র পুত্র তুমি সবর্ধন শ্রী.ম ১৩৬। ৭ সপ্রণয় সম্বোধন। “শুন শুন অএ সখা শ্রী. ম ২০। শুন অএ প্রিয়া ম.পা ৪০; উফায় চিন্তএ অএ কান্ত ১০৮।